

প্রেস বিজ্ঞপ্তি

কর্মকর্তাদের যে কোন দেশের আমলাতন্ত্রের সাথে তাল মেলানোর যোগ্যতা অর্জন করতে হবে।

- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

ঢাকা, ১৫/১২/২০১৫

সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারি কর্মকর্তাদের দক্ষ, যুগোপযোগী এবং যে কোন চ্যালেঞ্জ নেয়ার উপযুক্ত হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। পৃথিবীর যে কোন দেশের আমলাতন্ত্রের সাথে তাল মেলানোর যোগ্যতা অর্জন করতে হবে।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক আজ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ইটালির তুরিনে আইএলও সদরদপ্তরে প্রশিক্ষণপ্রাপ্ত ১০০ যুগ্ম-সচিব পর্যায়ের কর্মকর্তার অংশগ্রহণে অনুষ্ঠিত ফিডব্যাক সেমিনারে এ সব কথা বলেন।


প্রতিমন্ত্রী বলেন, কর্মকর্তাদের অন্যান্য দেশের কর্মকর্তাদের সাথে আলোচনার ক্ষেত্রে অত্যন্ত দক্ষ হতে হবে। আমরা আমাদের পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছি। অনেক কর্মকর্তাকে বিশ্বের বিভিন্ন দেশে উন্নত প্রশিক্ষণে পাঠানো হচ্ছে। সরকারি কর্মকর্তাদের দক্ষতার উন্নয়ন, তথ্য প্রযুক্তির ব্যবহার ও দারিদ্র বিমোচন কৌশল প্রভৃতি বিষয়ে সমসাময়িক চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রেখেছে সরকার। এ সরকারের সময় প্রায় ৫০০ কর্মকর্তাকে মাস্টার্স ও ডিপ্লোমা কোর্সে অধ্যয়নের জন্য প্রেরণ করা হয়েছে।

অনুষ্ঠানে জনপ্রশাসন সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী বলেন, আগামী দিনের স্বপ্ন যাত্রায় যেন কোন বাঁধার সৃষ্টি না হয় সেজন্য কর্মকর্তাদের যোগ্য এবং দূরদৃষ্টি সম্পন্ন হতে হবে। কর্মক্ষেত্রে প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে পুরোপুরি কাজে লাগাতে হবে।

অতিরিক্ত সচিব মোঃ ইব্রাহীম হোসেন খান বলেন, প্রশিক্ষণের অভিজ্ঞতা সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সহায়ক হবে।

অনুষ্ঠানে জানানো হয়, ২০০৯ সাল থেকে এ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ‘Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials’ প্রকল্পের আওতায় প্রায় সাড়ে পাঁচ হাজার কর্মকর্তাকে বৈদেশিক মাস্টার্স ও ডিপ্লোমা কোর্সসহ বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে।

এ সময় জনপ্রশাসনের অতিরিক্ত সচিব মাহমুদা শারমীন বেনু, কাজী রওশন আক্তার ও ড. হেলাল উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।



মোঃ তোহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫